# ছাত্রশিবিরের রাজনীতি থেকে বিদায় নিলেন সাদিক কায়েম



ঢাকসু ভিপি সাদিক কায়েম। ছবি: সংগৃহীত

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের সাংগঠনিক দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছেন সংগঠনটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সহসভাপতি (ভিপি) সাদিক কায়েম। সোমবার (১৩ জুলাই) সংগঠনের একটি সূত্র বিষয়টি নিশ্চিত করেছে।

এর আগে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রার্থী হিসেবে সাদিক কায়েমের নাম ঘোষণা করা হয়। পরে ছাত্রশিবিরের পক্ষ থেকে জানানো হয়, সংগঠনের দায়িত্বে থেকে কোনো রাজনৈতিক দলের প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নেওয়ার সুযোগ নেই।

সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে, চলতি সাংগঠনিক মেয়াদের পুনর্বিন্যাসের অংশ হিসেবে সাদিক কায়েম সাংগঠনিক ছুটিতে গেছেন।

বর্তমানে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি হিসেবে দায়িত্ব পালন করছেন। ছাত্র-জনতার আন্দোলনের সময় মাঠপর্যায়ে সমন্বয় কার্যক্রমেও সক্রিয় ভূমিকা পালন করেন তিনি।

LENS ASIA

খাগড়াছড়িতে তার শিক্ষাজীবনের শুরু। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেন সাদিক কায়েম।